রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

**অতিরিক্ত সংখ্যা**

**কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত**

**বুধবার, জুন ১৪, ২০১৭**

**বাংলাদেশ নির্বাচন কমিশন**
**নির্বাচন কমিশন সচিবালয়**
**নির্বাচন ভবন, আগারগাঁও, ঢাকা**

**প্রজ্ঞাপন**

তারিখঃ ২৯ জ্যৈষ্ঠ ১৪২৪ বঙ্গাব্দ/১২ জুন ২০১৭ খ্রিস্টাব্দ

**নং ১৭.০০.০০০০.০০৯.০৬.০০৮.১৭-৩৪৩**—নির্বাচন কমিশন সচিবালয় আইন, ২০০৯ এবং নির্বাচন কমিশন (কার্যপ্রণালী) বিধিমালা, ২০১০ এর বিধি ৩ এর উপবিধি (২) অনুসারে নির্বাচন কমিশন সচিবালয়ের বিদ্যমান নির্বাচন সংক্রান্ত বিভিন্ন আইন, বিধিমালাসমূহ যুগোপযোগী করার লক্ষ্যে নিম্নরূপ “আইন ও বিধিমালা সংস্কার কমিটি” গঠন করা হলঃ

| | | | |
|---|---|---|---|
| (১) | কবিতা খানম, মাননীয় নির্বাচন কমিশনার | - | সভাপতি |
| (২) | যুগ্ম সচিব (আইন), নির্বাচন কমিশন সচিবালয় | - | সদস্য |
| (৩) | যুগ্মসচিব (নির্বাচন ব্যবস্থাপনা-১), নির্বাচন কমিশন সচিবালয় | - | সদস্য |
| (৪) | যুগ্মসচিব (নির্বাচন ব্যবস্থাপনা-২), নির্বাচন কমিশন সচিবালয় | - | সদস্য |
| (৫) | উপসচিব (আইন), নির্বাচন কমিশন সচিবালয় | - | সদস্য |
| (৬) | উপসচিব (নির্বাচন পরিচালনা-২) নির্বাচন কমিশন সচিবালয় | - | সদস্য |
| (৭) | উপসচিব (নির্বাচন সহায়তা ও সরবরাহ), নির্বাচন কমিশন সচিবালয় | - | সদস্য সচিব |

কমিটি প্রয়োজনে কমিশনের যে কোন কর্মকর্তাকে কমিটিতে কো-অপ্ট করতে পারবে।


**মূল্য :** টাকা ৪.০০

**কমিটির কার্যপরিধিঃ**

(ক) নির্বাচন কমিশন সচিবালয়ের বিদ্যমান নির্বাচনি আইনসহ সকল আইন ও বিধিমালাসমূহ যাচাই-বাছাই করে যুগোপযোগী এবং সংবিধানের সাথে সংগতিপূর্ণ করার বিষয়ে সুপারিশ প্রদান;

(খ) The Representation of the People Order, 1972 বাংলা ভাষায় রূপান্তর এবং নতুন আইন প্রণয়নের সুপারিশ প্রণয়ন;

(গ) মাঠ পর্যায়ের নির্বাচন পরিচালনার সাথে সংশ্লিষ্ট নির্বাচন কর্মকর্তাদের মতামত গ্রহণ এবং প্রয়োজনে নির্বাচন কমিশনে তাদের সাথে মতবিনিময়;

(ঘ) The Delimitation of Constituencies Ordinance, 1976 বাংলা ভাষায় রূপান্তর এবং নতুন আইন প্রণয়নের সুপারিশ প্রণয়ন;

(ঙ) সংবিধানের ১১৮ অনুচ্ছেদ অনুসারে নির্বাচন কমিশন গঠন এবং নির্বাচন কমিশনার নিয়োগ সংক্রান্ত আইন প্রণয়নের সুপারিশ প্রণয়ন;

(চ) নির্বাচন সংশ্লিষ্ট ও অন্যান্য মামলা পরিচালনার জন্য আইনজীবী প্যানেল পুনর্বিন্যাস ও সময়ে সময়ে মামলাসমূহের বিষয়ে পর্যালোচনা;

(ছ) নির্বাচনি প্রচারণা ব্যয় (জন তহবিল) আইন প্রণয়ন;

(জ) নির্বাচন সংশ্লিষ্ট যে কোন আইন বিষয়ে পর্যালোচনা ও পরামর্শ প্রদান; এবং

(ঝ) আইন বিশেষজ্ঞদের পরামর্শ গ্রহণ ও কনসালটেন্ট নিয়োগ করতে পারবে।

২। নির্বাচন সহায়তা ও সরবরাহ অধিশাখা নির্বাচন কমিশনের উক্ত কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করবে।

৩। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

প্রধান নির্বাচন কমিশনারের আদেশক্রমে

**ফরহাদ আহাম্মদ খান**
উপপচিব (সংস্থাপন)।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site : www.bgpress.gov.bd